for 3k Paid

I 706 1Rs.50nP

INDIA

एक रुपया पचास नये पैसे

एक रुपया पचास नये पैसे

ONE RUPEE भारत FIFTY NAYE PAISE

Admissible under Rule 21, duly stamped (or exempted) from or does not require stamp duty under the Indian Stamp Act 1899 Sch. No. ............ 196
or under the Bengal Stamp Amendment Act 1922 Schedule A No. 5(c)

Fee Paid:
E 4.00
4.00
2.00

3.2.66
District Registrar,
24 Parganas.

এগ্রিমেন্ট দাতা –

১। শ্রীযুক্তা পারিজাত গুপ্তা
স্বামী মৃত ধীরেন্দ্র চন্দ্র গুপ্ত

২। শ্রী দীপক গুপ্ত
পিতা মৃত ধীরেন্দ্র চন্দ্র গুপ্ত

৩। শ্রী অশোক গুপ্ত
পিতা মৃত ধীরেন্দ্র চন্দ্র গুপ্ত
২।৩ নং দাতার পক্ষে
রেজেষ্টারী আমমোক্তারনামা
বলে মাতা শ্রীযুক্তা পারিজাত
গুপ্তা, সর্বব সাকিন ৭৪ নং
ইব্রাহিমপুর রোড, জাতি ব্রাহ্ম
পেশা গৃহস্থালী, থানা যাদবপুর
কলিকাতা – ৩২

প্রথম পক্ষ

এগ্রিমেন্ট গ্রহিতা –

শ্রীযুক্তা শেফালী বিশ্বাস
স্বামী শ্রীযুক্ত দীনেশ চন্দ্র বিশ্বাস
জাতি হিন্দু পেশা গৃহস্থালী,
হাল সাং ৯২ বি নং ইব্রাহিম-
পুর রোড, থানা যাদবপুর
কলিকাতা – ৩২

দ্বিতীয় পক্ষ –

ক্রমশঃ –

নং 710 মূল্য 1·80P

শ্রেঃ নাম Sm. Parijat Gupta.

ঠিকানা 74 Ekdalia...road. Cal 32

ষ্ট্যাম্প ভেণ্ডার শ্রী ... তাং 22. 2. 66.

আলীপুর জজ্‌ কোর্ট, ২৪ পরগণা

Presented for Registration at 11-15 A.M. ~~or P.M.~~ on the 23rd day of February 19 66 at the Sadar Registration Office at Alipore by Parijat Gupta

Executant or Claimant or Attorney for ............ under power of attorney No. ...... authenticated by the Sub-Registrar of ............

District Registrar,
24 Parganas. 23.2.66

দীপক গুপ্ত ও অশোক গুপ্তের পক্ষে অভিভাবক ... ও স্বয়ং শ্রীমতী পারিজাত গুপ্ত

... Parijat Gupta

Son / Wife of late Dhirendra Nath Gupta for self and as ... guardian for Dipak Gupta, Ashoke Gupta

of 74 Ekdalia road

Thana Gariahat

District 24 Pgs.

By caste Hindu

By profession housewife.

Ashoke Gupta

Son of late Dhirendra Nath Gupta.

Of 74 Ekdalia Rd.

Thana Cal: 32

District 24 Pgs.

By caste Hindu

By profession Service

District Registrar,
24 Parganas. 23.2.66

Ashoke Gupta.

কস্য বায়না পত্র মিদং কার্যঞ্চাগে , আমি শ্রীযুক্তা পারিজাত গুপ্তা স্বয়ং এবং ১৯৬৩ সালের ৩১ শে জানুয়ারী তারিখে সম্পাদিত জেনারেল আমমোক্তারনামার বলে আমার পুত্র শ্রীমান দীপক গুপ্ত ও শ্রীমান অশোক গুপ্তের পক্ষে আমার স্বামীর ত্যজ্য স্থাবর ও অস্থাবর সম্পত্তি সম্পর্কে পরিচালনা, দান, বিক্রয় , লিজ দেওয়ার সম্যক অধিকারিণী হইতেছি । আমার কন্যাদ্বয় শ্রীমতী দীপ্তী দাস ও শ্রীমতী রত্না মিত্র তাহাদের স্বামীদের অভিমত লইয়া ১৯৬৫ সালের ২৩ শে মার্চ্চ তারিখের সম্পাদিত দানপত্র মূলে জেলা ২৪ পরগনা থানা যাদবপুর পরগনা খাসপুর , মৌজা ইব্রাহিমপুর অধিন ২১২ নং খতিয়ান ভুক্ত ২৬০ ও ২৬১ নং দাগের তাহাদের প্রাপ্ত ।৵ গণ্ডা অংশ তাহাদের দুই ভ্রাতা শ্রীমান দীপক গুপ্ত ও শ্রীমান অশোক গুপ্তের অনুকূলে দান করিয়া নিঃস্বত্ববতী - হইয়াছেন । উপরোক্ত সম্পত্তি আমি একণে একক পরিচালনা , দান , বিক্রয় ও লিজ প্রভৃতি দিতে সম্যক অধিকারিণী হইতেছি । একণে আমাদের সংসার পরিচালনার জন্য ও অন্যান্য কারণে নগদ টাকার প্রয়োজন হওয়ায় আমি উপরোক্ত ইব্রাহিমপুর মৌজার ২৬০ ।২৬১ নং দাগের মধ্যে ৴৩ তিন কাঠা জমি বিক্রয় ঘোষণা করিলে এবং আপনি নিম্নে বিশেষ ভাবে বর্ণিত ৴৩ তিন কাঠা জমির প্রতি কাঠা ৩৫০০্ টাকা হিসাবে মোট ১০৫০০্ দশ হাজার পাঁচ শত টাকা বয়ার দিতে আপনি রাজী হইলে আমি উহা সর্ব্বোচ্চ বাজার মূল্য বিবেচনা করিয়া অদ্যরোজ উক্ত মহাশয়ের মধ্যে ১০০১্ এক হাজার এক টাকা বায়না বাবদ গ্রহণ করিয়া নিম্নোক্ত সর্ত্তে আবদ্ধ রহিলাম এবং আপনিও ঐ সর্ত্ত পালনে বাধ্য থাকিবেন । -

<u>সর্ত্ত যথা</u> ঃ -

১। - এই বায়না পত্র রেজেষ্ট্রি হওয়ার তিন মাস মধ্যে সম্পূর্ণ বকেয়া

বয়নাদেয়র টাকা আদায় দিয়া আপনার খরচে আপনি কোবালা দলিল সম্পাদন করিয়া লইবেন। আমি কোবালা সম্পাদন করিতে অনিচ্ছুক হইলে আপনি আদালত যোগে উক্ত কোবালা রেজেষ্টি করিয়া লইতে পারিবেন এবং আমি ক্ষতিপূরন করিতে বাধ্য থাকিব। আপনি যদি দলিল সম্পাদন করিতে অনিচ্ছুক হন তবে আপনি বায়নার টাকা ফেরৎ পাইবেন না। —

২। — বায়না কৃত জমি কাহারও নিকট দায়বদ্ধ নাই কিম্বা কাহারও কাহারও নিকট বিক্রীত হয় নাই। উহা সম্পূর্ণ নির্দায় এবং নির্দোষ অবস্থায় আছে। আমার এই কথার উপর আস্থা রাখিয়া ও নির্ভর করিয়া আমি বায়না পত্র সম্পাদন করিলাম এবং আপনি আমাকে ১০০১, এক হাজার এক টাকা দিলেন। যদি কখন আদালত সাব্যস্ত করিয়া আমার স্বত্ত্বে কোনও এন্টী বাহির হয় তবে আমি ক্ষতিপূরন সহ বায়নার টাকা ফেরৎ দিতে বাধ্য থাকিব। —

৩। — বর্ত্তমানে বায়না কৃত জমিতে যাওয়ার কোনও রাস্তা নাই। আমার নিজ বাড়ীর পূর্ব্ব ও অধুনা বিক্রীত শ্রী — চুনী লাল দত্তর জমির পশ্চিম দেওয়ালের মধ্যে ১৪´ চৌদ্দ ফুট পরিসর একটি রাস্তা ইব্রাহিমপুর রোড হইতে আরম্ভ করিয়া শ্রী — চুনী লাল দত্তর দেওয়ালের দক্ষিন পশ্চিম — কোন পর্য্যন্ত যাইবে। উক্ত শ্রী — চুনী লাল দত্তর দেওয়ালের দক্ষিন পশ্চিম কোন হইতে ঐ রাস্তা পরিসরে বর্দ্ধিত হইয়া ১৬ ষোল ফুট হইবে এবং উহা শ্রী মতী কনক সরকারের বাড়ীর উত্তর দেওয়ালে যাইয়া মিশিবে। ঐ — রাস্তায় ২৬০ ও ২৬১ নং দাগের ক্রেতাগনের ইজমেন্ট স্বত্ব থাকিবেক। আমার নিকট হইতে এই আশ্বাস লইয়া আপনি উক্ত মূল্যে জমি খরিদ করিতে রাজী হইয়াছেন। ঐ রাস্তা বায়না পত্র রেজেষ্টি হওয়ার দিন হইতে — তিন মাসের মধ্যে আমার নিজ খরচায় ইব্রাহিমপুর রোডের সহিত —

সমতল করিতে যে মাটি রাস্তা হইতে অপসারন করা দরকার হইবে উহা দ্বারা আপনার বায়না কৃত জমি উন্নীত করিয়া দেওয়া হইবে ।

৪। — বায়না পত্র রেজেষ্ট্রি হওয়ার তিন মাস মধ্যে যদি এ রাস্তা তৈয়ারী করিয়া না দেই তবে উহা চুক্তিভঙ্গ বলিয়া গন্য হইবে এবং আমি আপনাকে ক্ষতিপুরন করিতে বাধ্য থাকিব ।

এতদর্থে স্বেচ্ছায়, সজ্ঞানে , চুক্তির সর্ত্তাবলী সবিশেষ অবগত হইয়া আমরা ১ম পক্ষ ও ২য় বায়না পত্রে সহি সম্পাদন করিলাম ।

ইতি সন ১৩৭২ সালের — ইং সন ১৯৬৬ সালের —

১১ই ফাল্গুন ১৩৭২ — 23rd February 1966

তপশীল সম্পত্তি

জেলা ২৪ পরগনা থানা যাদবপুর সাবরেজেষ্ট্রি আলিপুর পরগনা খাসপুর — মৌজা ইব্রাহিমপুর গ্রামে ২৪৪ নং তালুকাধিন জে, এল নং ৩৬ রে সা নং ৯০ নং খতিয়ান নং ২১২ র অধিন ২৬০ ও ২৬১ দাগের দক্ষিন পুর্ব্ব /৩ তিন কাঠা জমি । ইহার পরিমাপ দৈর্ঘ্য — উত্তর দক্ষিনে ৬৫ .৪৬ ফুট পরিসর পুর্ব্ব পশ্চিমে ৩৩' ফুট

চৌহদ্দি ৪ —

উত্তরে — এগ্রিমেন্ট দাতার জমি ।

দক্ষিনে — শ্রীমতী কনক সরকারের বসত বাটীর উত্তর সীমানার বাউণ্ডারী দেওয়াল —

পুর্ব্ব — এগ্রিমেন্ট দাতার পুর্ব্ব সীমানার বাউণ্ডারী দেওয়াল

পশ্চিমে — দলিলোক্ত ১৬ ফুট পরিসর রাস্তা ।

টাইপিষ্ট
শ্রী ...
আলিপুরজজকোর্ট —

ইসাদি — Ashoke Gupta
74, Ibrahimpur Road,
Calcutta-32.

R. K. Bose
S/B Ibrahimpur Road
Cal-32

THE SEAL OF THE DISTRICT REGISTRAR 24 PARGANAS

District Registrar,
24 Parganas
13.2.86

THE SEAL OF THE DISTRICT REGISTRAR 24 PARGANAS

Book No. 1
Volume No. 36
Pages 117 to 119
Being No. 726
For the year 1986

N. 50.

For DISTRICT REGISTRAR
24 PARGANAS
24.2.06